কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



Graphic Design Work




Flex ,Poster ,Card ,Cartoon ,
Logo ,Newspaper ,Book ,
Magazine & other.
9836753622



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 4 APRIL 2026 ,SATURDAY | ৪ এপ্রিল ২০২৬ ,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-123


## শনিবার ও রবিবার শিয়ালদহ ডিভিশনে বাতিল একাধিক ট্রেন




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৩ এপ্রিল :** শনিবার ও রবিবার নন-ইন্টারলকিং কাজের জন্য শিয়ালদহ ডিভিশনের দমদম জংশন স্টেশনে ট্র্যাফিক ব্লকের কাজের জন্য একাধিক ট্রেন বাতিলের সিদ্ধান্ত নিয়েছে পূর্ব রেল । ৪ এপ্রিল শনিবার রাত ১১টা ৫০ মিনিট থেকে ৫ এপ্রিল ভোর ৪টা ২০ মিনিট পর্যন্ত , মোট সাড়ে চার ঘণ্টা ট্র্যাফিক ব্লক রাখা হবে পূর্ব রেল সূত্রে খবর । এই কাজের জন্য বহু ট্রেন বাতিল করার সিদ্ধান্ত নিয়েছে পূর্ব রেল। ৪ এপ্রিল, শনিবার বাতিল ট্রেন গুলো হল - "শিয়ালদহ-কৃষ্ণনগর সিটি জংশন ডাউন ৩১৮৪৪ ,শিয়ালদহ-ডানকুনি আপ ৩২৪৯১ ও ডাউন ৩২৪৯২ ,শিয়ালদহ-রানাঘাট আপ ৬৩১১১ ,শিয়ালদহ-নৈহাটি আপ ৩১৪৪১ ও ডাউন ৩১৪৫০ , শিয়ালদহ-বনগাঁ জংশন আপ ৩৩৮৫৯ ও ডাউন ৩৩৮৬০"। ৫ এপ্রিল, রবিবার বাতিল ট্রেন গুলো হল - "শিয়ালদহ-কৃষ্ণনগর সিটি জংশন আপ ৩১৮১১ , শিয়ালদহ-বনগাঁ জংশন আপ ৩৩৮১১ , শিয়ালদহ-ডানকুনি আপ ৩২২১১ ও ডাউন ৩২২১২"।

## ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে বাড়তি নিরাপত্তা প্রশাসনিক কর্তাদের




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ এপ্রিল :** আসন্ন বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোটগ্রহণকে সামনে রেখে আলিপুরদুয়ার জেলার বন ও বনসংলগ্ন এলাকায় অবস্থিত ভোটকেন্দ্রগুলিতে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের কথা ঘোষণা করেছে জেলা প্রশাসন।জেলায় মোট পাঁচটি বিধানসভা কেন্দ্র রয়েছে- কুমারগ্রাম, আলিপুরদুয়ার, কালচিনি, ফালাকাটা ও মাদারিহাট। এই কেন্দ্রগুলির বহু ভোটকেন্দ্রই বক্সা টাইগার রিজার্ভ, জলদাপাড়া জাতীয় উদ্যান এবং জলপাইগুড়ি বন বিভাগের অধীনস্থ বনাঞ্চলের সংলগ্ন এলাকায় অবস্থিত। এসব এলাকায় প্রায়ই হাতি ও চিতাবাঘের মতো বন্যপ্রাণীর আনাগোনা লক্ষ্য করা যায়।ভোটকর্মী ও ভোটারদের নিরাপত্তা নিশ্চিত করতে কুমারগ্রাম, কালচিনি, মাদারিহাট, ফালাকাটা এবং আলিপুরদুয়ার কেন্দ্রের কিছু অংশে বিশেষ ব্যবস্থা নেওয়া হচ্ছে। চিহ্নিত ভোটকেন্দ্রগুলিতে ভোটের একদিন আগে, অর্থাৎ ২২ এপ্রিল থেকে বনকর্মীরা সার্বক্ষণিক নজরদারি চালাবেন। প্রয়োজনে সংবেদনশীল এলাকায় টহলের জন্য প্রশিক্ষিত 'কুনকি' হাতিও মোতায়েন করা হতে পারে।জেলা শাসক ময়ূরী বসু বন দফতর ও রাজ্য বিদ্যুৎ বণ্টন সংস্থার আধিকারিকদের নিয়ে একটি সমন্বয় বৈঠক করেন, যেখানে এই সমস্ত ব্যবস্থাপনা চূড়ান্ত করা হয়। বনসংলগ্ন ভোটকেন্দ্রগুলিতে পর্যাপ্ত আলোর ব্যবস্থাও করা হবে, যাতে নিরাপত্তা ও দৃশ্যমানতা বাড়ে।ময়ূরী বসু বলেন, "বনসংলগ্ন ভোটকেন্দ্রগুলি চিহ্নিত করে খুব শীঘ্রই তালিকা বন দফতর ও বিদ্যুৎ বণ্টন সংস্থার হাতে তুলে দেওয়া হবে। এরপর উভয় দফতর সমন্বয় রেখে নিরাপত্তা নিশ্চিত করতে কাজ করবে।"বক্সা টাইগার রিজার্ভের ফিল্ড ডিরেক্টর কুমার বিমল জানান, প্রশাসনের নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।





# পর্যবেক্ষকদের বেরিয়ে যাওয়ার পরই বাংলোর রান্নাঘর ভাঙলো হাতি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ এপ্রিল :** অল্পের জন্য প্রাণে বাঁচলেন দুই নির্বাচন পর্যবেক্ষক। তাঁদের চলে যাওয়ার কিছুক্ষণের মধ্যেই বক্সা টাইগার রিজার্ভের জয়ন্তী ফরেস্ট ইন্সপেকশন বাংলোতে হামলা চালায় একটি বুনো দাঁতাল হাতি এবং বাংলোর রান্নাঘর ভেঙে তছনছ করে দেয়।বন দফতর সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার আলিপুরদুয়ার বিধানসভা কেন্দ্রের নির্বাচন পর্যবেক্ষক আইএএস আধিকারিক এন. কে. সুধাংশু এবং মাদারিহাট বিধানসভা কেন্দ্রের পর্যবেক্ষক শ্রবণ কুমার জাতাভাহ নির্বাচন সংক্রান্ত কাজের জন্য জয়ন্তী ইন্সপেকশন বাংলোতে যান। তাঁরা সারা দিন ওই বন বাংলোতেই কাটান এবং সন্ধ্যায় আলিপুরদুয়ার শহরের উদ্দেশে রওনা দেন।তাঁদের চলে যাওয়ার কিছুক্ষণের মধ্যেই একটি দাঁতাল হাতি জঙ্গল থেকে বেরিয়ে বাংলোর চত্বরে ঢুকে পড়ে এবং তাণ্ডব চালায়। বাংলোর রান্নাঘর সম্পূর্ণ ভেঙে ফেলে এবং সেখানে মজুত থাকা খাবার খেয়ে ফেলে। পরে হাতিটি আবার জঙ্গলে ফিরে যায়।ঘটনা প্রসঙ্গে সুধাংশু বলেন, “আমরা কাজ শেষ করে আলিপুরদুয়ারে ফিরে আসার পরই ঘটনাটি ঘটে। সৌভাগ্যবশত আমরা রাতে সেখানে উপস্থিত ছিলাম না। পরে হাতির হামলার বিষয়ে জানতে পারি।”বক্সা টাইগার রিজার্ভের ফিল্ড ডিরেক্টর কুমার বিমল জানান, এই ঘটনা হাতির আবাসস্থলে মানুষের উপস্থিতির ঝুঁকিকে সামনে নিয়ে এসেছে। তিনি বলেন, “এই ধরনের এলাকায় থাকা অত্যন্ত বিপজ্জনক। বাংলোর রান্নাঘর সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে।”

# শামুকতলায় মহিলাদের মিছিল ভোট বয়কটের ডাক দিয়ে





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ এপ্রিল :** ভোট বয়কটের ডাক দিয়ে শামুকতলায় মিছিল করলেন মহিলা পুরুষ কচিকাঁচারা। মিছিলের দরুন ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা ইন্দিরা কলোনি এলাকায়। বিধানসভা ভোটের মুখে রাস্তা সংস্কারের দাবিতে বাসিন্দাদের আন্দোলনে উত্তাল হয়ে উঠল আলিপুরদুয়ার ২ ব্লকের শামুকতলা ইন্দিরা কলোনি এলাকা। এমনকি ওই রাস্তা সংস্কারের দাবিতে এলাকার মহিলা পুরুষরা শুক্রবার পথে নেমে মিছিল করে ভোট বয়কটের ডাক দিলেন। নো রোড নো ভোট শ্লোগান তুলল গোটা গ্রাম ।রাস্তা সংস্কারের দাবিতে ভোট বয়কটের ডাক দিয়ে এলাকায় পোস্টার এবং ফেস্টুনও টাঙিয়ে দিয়েছেন তারা।শামুকতলা ট্রাইবেল অফিস থেকে হেলিপ্যাড পর্যন্ত প্রায় দুই কিলোমিটার রাস্তা বেহাল হয়ে রয়েছে দীর্ঘদিন। প্রশাসনিক কর্তারা বারবার রাস্তা পরিদর্শন করলেও সংস্কার হয়নি সেই রাস্তা। গোটা রাস্তা খানাখন্দে ভরা। মাঝেমধ্যেই ঘটছে দুর্ঘটনা। শামুকতলা বাজার, বিডিও অফিস, হাসপাতাল এবং স্কুলে আসা-যাওয়ার ক্ষেত্রে সমস্যায় পড়তে হচ্ছে গোটা এলাকার বাসিন্দা ছাত্র ছাত্রী। কৃষি পণ্য আনা নেওয়ার ক্ষেত্রেও প্রচন্ড সমস্যায় পড়ছেন এলাকার কৃষকরা। গত প্রায় পাঁচ বছর ধরে রাস্তা সংস্কারের দাবী জানিয়েও রাস্তা সংস্কার না হওয়ায় বাধ্য হয়ে শুক্রবার ভোট বয়কটের দাগ দিয়ে আন্দোলনে শামিল হলেন বাসিন্দারা। দীর্ঘদিন ধরে বেহাল থাকার পর কেন রাস্তাটি সংস্কারের কোন উদ্যোগ নেওয়া হয়নি এই নিয়ে প্রশ্ন উঠেছে। এলাকার গ্রাম পঞ্চায়েত সদস্য সুবল রুদ্র শর্মা জানিয়েছেন, ভোট ঘোষণা হয়ে যাওয়াতেই রাস্তা সংস্কার করা সম্ভব হয়নি। ভোটের পরেই এই রাস্তা সংস্কার করা হবে।

# ভোটের মুখে বন্ধ হয়ে গেল রেশনে ভর্তুকিতে চিনি দেওয়া




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ এপ্রিল :** ভোটের মুখে বন্ধ হয়ে গেল অন্ত্যোর্দয় অন্ন যোজনা প্রকল্পের রেশন কার্ড ধারী দের ভর্তুকিতে চিনি দেওয়া। পয়লা এপ্রিল থেকে আলিপুরদুয়ার জেলার রেশন দোকানগুলিতে অন্ত্যোর্দয় অন্ন যোজনার রেশন কার্ড আছে এমন গরিব মানুষদের চিনি দেওয়া বন্ধ করে দিয়েছেন কেন্দ্রীয় সরকার। বিধানসভা ভোটের মুখেই বন্ধ হয়ে গেল গরিব মানুষের রেশন থেকে ১৩ টাকা ৫০ পয়সা কিলো ধরে চিনি কেনা। বাজার থেকে ৪৫ টাকা কিলো ধরে চিনি কিনতে হবে এখন গরিব মানুষদের। কেন্দ্রীয় সরকারের ভর্তুকিতে এই চিনি বিতরণ করা হয় বলে খাদ্য বন্টন দপ্তর সূত্রে জানা গেছে। কেন্দ্রীয় বরাদ্দের অভাব নতুন অর্থবছরের শুরুতে রেশনে চিনি দেওয়া বন্ধ হয়ে যাওয়ায় ক্ষোভ ছড়িয়েছে গ্রাহকদের মধ্যে। রেশন ডিলারদের কাছ থেকে জানা গেছে পয়লা এপ্রিল থেকে তারা চিনি পাচ্ছেন না । তাই তারা গরিব মানুষকে চিনি দিতে পারছেন না। উল্লেখ্য ২০১৩ সাল থেকেই এই  চিনি দেওয়া হচ্ছে রেশনে ভর্তুকিতে।



# ভোটের প্রাক মুহূর্তে ধাবায় অভিযান ,মামলা মালিকের বিরুদ্ধে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ এপ্রিল :** ৩১ নম্বর জাতীয় সড়কের পারোকাটার এক ধাবায় অভিযান চালিয়ে ৫২ লিটার মদ উদ্ধার করল শামুকতলা থানার পুলিশ। মামলা করা হয়েছে ধাবার মালিক এর নামে এমনটাই জানা গেছে শামুকতলা থানার পুলিশ সূত্রে শুক্রবার বিকেল চারটে নাগাদ। পুলিশ সূত্রে জানা গেছে ধাবার মালিক সুবীর সাহা এবং ধাবার ম্যানেজার তাপস দাস এর বিরুদ্ধে মামলা শুরু করেছে পুলিশ। শামুকতলা থানার ওসি সুমিত রাওয়াত জানিয়েছেন ভোটের প্রাক্কালে অভিযান চলতেই থাকবে মদ ব্যবসায়ীদের বিরুদ্ধে।

# অভিষেকের সভা নিয়ে প্রশাসনিক বৈঠক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ এপ্রিল :** আগামী ৭ এপ্রিল কুমারগ্রাম বিধানসভার বারবিশায় নির্বাচনী জনসভায় ভাষণ দিতে আসবেন রাজ্যের তৃণমূলের আইকন অভিষেক ব্যানার্জি। শুক্রবার প্রশাসনিক বৈঠক করলেন বারবিশায়। এদিন উচ্চপর্যয়ের বৈঠকে প্রশাসনিক কর্তারা উপস্থিত হয়ে দীর্ঘক্ষন আলোচনা করেন। মূলত নিরাপত্তা থেকে শুরু করে নানা রকম বিষয়ের উপর গুরুত্ব সহকারে আলোচনা করা হয়েছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |